

বাংলাদেশ ব্যাংক

Website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০৩

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

১৮ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ

তারিখঃ -----

১ জুন, ২০১০ খ্রীষ্টাব্দ

তফসিলি ব্যাংক কর্তৃক নগদ জমা (CRR) সংরক্ষণে ঘাটতিজনিত কারণে দন্ডসুদ ও জরিমানা আরোপের পদ্ধতি ও হার প্রসংগে

বাংলাদেশ ব্যাংক মুদানীতির উদ্দেশ্য পূরণকল্পে সময়ে সময়ে ব্যাংকগুলো কর্তৃক রক্ষিতব্য নগদ জমার পরিমাণ পুনঃনির্ধারণ করে থাকে। এক্ষেত্রে নির্ধারিত হারে নগদ জমা সংরক্ষণে ব্যর্থতার জন্য বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ এর ৩৬(৪) এবং ৩৬(৫) ধারায় যথাক্রমে দন্ডসুদ এবং জরিমানা আরোপ ও আদায়ের নির্দেশনা রয়েছে। উক্ত ধারাগুলোর নির্দেশনা পরিপালনের উদ্দেশ্যে নিম্নলিখিত পদ্ধতিতে ও হারে দন্ডসুদ ও জরিমানা আরোপ ও আদায় করা হবে :

১। মাসের যে কোন দিন প্রযোজ্য হারে নগদ জমা সংরক্ষণে ব্যর্থ হলে ঘাটতির (shortfall) উপর ব্যাংক রেট + ৫% হারে ঐ দিনের জন্য দন্ডসুদ আরোপ করা হবে।

২। দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে প্রযোজ্য হারে নগদ জমা সংরক্ষণে ব্যর্থতার জন্য কম সংরক্ষিত পরিমাণের উপর ব্যাংক রেট + ৫% হারে দন্ডসুদ আরোপ করা হবে।

৩। যে কোন দ্বি-সপ্তাহে প্রযোজ্য হারে নগদ জমা সংরক্ষণে ব্যর্থ কোন তফসিলি ব্যাংক পরবর্তী দ্বি-সপ্তাহের প্রথম দিন দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিক প্রযোজ্য হারে নগদ জমা সংরক্ষণে ব্যর্থ হলে বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ এর ৩৬(৫) ধারা অনুযায়ী যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

এই নির্দেশনা ১৫/৫/২০১০ তারিখ থেকে কার্যকর হবে এবং উক্ত তারিখ থেকে ০৩/৩/২০০৯ তারিখের ডিওএস সার্কুলার নং-০১ বাতিল বলে গণ্য হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(সুলতান আহাম্মদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৬